



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-২৮

তারিখ: ০৫ এপ্রিল, ২০২৬ খ্রিঃ


বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন আগামী ২১ এপ্রিল, ২০২৬ খ্রিঃ থেকে দেশব্যাপি অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা গ্রহণের বিষয়গুলো অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট সকলের সচেতনতা বৃদ্ধির জন্য চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চলের কেন্দ্র সচিবগণের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। উক্ত মতবিনিময় সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী ড. আনাম আহম্মদ হক মিলন এমপি মহোদয় উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত মতবিনিময় সভায় উক্ত অঞ্চলের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৬ এর সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (প্রতিনিধি গ্রহণযোগ্য নয়) যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রঃ নং	অঞ্চল	জেলা সমূহ	তারিখ ও বার	সময়	স্থান
১.	চট্টগ্রাম	চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা।	১০/০৪/২০২৬ খ্রিঃ শুক্রবার	সকাল ১০:০০ ঘটিকা	চট্টগ্রাম কলেজ অডিটোরিয়াম, চট্টগ্রাম
২.	রাজশাহী	জয়পুরহাট, বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, সিরাজগঞ্জ ও পাবনা।	১১/০৪/২০২৬ খ্রিঃ শনিবার	সকাল ১০:০০ ঘটিকা	ড: কাইছার রহমান চৌধুরী অডিটোরিয়াম, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী।

রেজিস্ট্রেশন সকাল ৯:০০ ঘটিকায় শুরু হবে।

বিষয়টি অতীব জরুরী।


  
(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ০২-৫৫০০৬৫২৫ (অফিস)।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-২৮(৯)

তারিখ: ০৫ এপ্রিল, ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। আঞ্চলিক পরিচালক (চট্টগ্রাম ও রাজশাহী অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৪। সচিব/পরিচালক(কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সংশ্লিষ্ট নথি।

  
(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)  
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)  
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।